

চ্যান্সেলর ডেভিড সি. ব্যাংকস্-এর কাছ থেকে একটি নিউজলেটার



আমাদের সর্বাধিক গুরুত্বপূর্ণ অংশীদারগণ

প্রিয় নিউ ইয়র্কবাসী,

আমাদের স্কুলগুলির শ্রেষ্ঠত্ব বজায় রাখতে, আমাদের সর্বাধিক গুরুত্বপূর্ণ অংশীদার হিসেবে আমাদের পরিবারদের মাঝে অবশ্যই আস্থা গড়ে তুলতে হবে এবং তাদেরকে সংশ্লিষ্ট রাখতে হবে। আমাদের সাথে আপনার অংশীদার হবার সর্বাধিক প্রভাব-সম্পন্ন উপায়গুলোর একটি হলো আপনার সন্তানের স্কুলে স্বেচ্ছাসেবক হওয়া।

আমি জানি পরিবারিক জীবন কতটা ব্যস্ত। সেই জন্যই, আমি যখন প্রিন্সিপ্যাল ছিলাম, আমি পিতামাতাদের সামান্য স্বেচ্ছাসেবা দেয়ার মাধ্যমে শুরু করতে উৎসাহিত করতাম—তাদের ড্রপ-অফ অথবা পিক-আপ সময়ের সাথে মানানসই এমন নির্দিষ্ট কোনো কাজে সহায়তা প্রদান করতে। আপনি কীভাবে সেবা প্রদান করতে সক্ষম হতে পারেন, সেবিষয়ে আপনার স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটর অথবা কর্মী সদস্যদের সাথে এই প্রথম পরিদর্শনের সময় কথা বলা একটি উত্তম সময়।

আপনি যখন স্বেচ্ছাসেবক হিসেবে কাজ করেন, এমনকি মাত্র এক ঘণ্টার জন্যেও, আপনি স্কুলের সাথে আপনার সন্তানের সংযোগ জোরদার করছেন, এবং আপনার স্কুল কমিউনিটিকে আরও শক্তিশালী করছেন। গবেষণায় দেখা গেছে যে, যেসব শিক্ষার্থীর পিতামাতা তাদের সন্তানের স্কুলের সাথে সংশ্লিষ্ট হয়, তারা শিক্ষায়তনিকভাবে অধিক সাফল্য অর্জন করে, তাদের উপস্থিতির হার অধিক, এবং তাদের সামাজিক দক্ষতা এবং খাপ খাইয়ে নেয়ার ক্ষমতা উন্নততর।

আপনার স্কুলে কিছু সম্ভাব্য সুযোগের অন্তর্ভুক্ত হতে পারে স্কুলে আগমন এবং ছুটির সময়গুলিতে নেইবারহুডে নিরাপদে আসা-যাওয়ায় সহায়তাদান, ফিল্ড ট্রিপে শ্যাপেরনের (সফরসঙ্গী হবার) ভূমিকা নেয়া, কোনো স্কুল নিউজলেটার সংগঠিত করা বা সেটায় সহায়তাদান, শিক্ষার্থীদের কাজ প্রদর্শনকারী অনুষ্ঠানগুলোতে অংশগ্রহণ, অথবা স্কুলের PTA বা অন্যান্য পিতামাতা-সংশ্লিষ্টতার সংগঠনে সম্পৃক্ত হওয়া।

তারপর, যেসব সমস্যা আপনার স্কুল কমিউনিটিকে প্রভাবিত করে সেগুলোর উপর আপনার সরাসরি ভূমিকা রাখার একটি সেরা উপায় হলো আপনার কমিউনিটি অ্যান্ড সিটিওয়াইড এডুকেশন কাউন্সিল সদস্য নির্বাচনে ভোট দেওয়া। আপনার স্থানীয় এবং সিটিব্যাপী কাউন্সিলগুলোর আসনে যেসব পিতামাতা নির্বাচন করছেন তাদের সম্পর্কে আরো জানতে apps.schools.nyc.org/CECProfiles দেখুন। 9 মে তারিখ পর্যন্ত ভোট গ্রহণ চলবে।

স্বেচ্ছাসেবক হবার আরও অনেক অর্থবহ উপায় আছে... এবং যেকোনো পরিমাণ সময় এবং সহায়তাই আপনি প্রদান করেন না কেন, তার জন্য অত্যন্ত কৃতজ্ঞতা পোষণ করা হবে। আপনি কীভাবে আরও সংশ্লিষ্ট হতে পারেন সেটি জানতে, অনুগ্রহ করে স্কুলের প্রিন্সিপ্যাল অথবা প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করুন। আপনি [Find a School](#) (কোনো স্কুল খুঁজুন) ব্যবহার করে আপনার সন্তানের স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটরকে খুঁজে বের করতে পারেন এবং সংশ্লিষ্ট হবার অন্য উপায়গুলি সম্পর্কে আরও জানতে আপনি আমাদের ফ্যামিলি এমপাওয়ারমেন্ট [ওয়েবসাইট](#) দেখতে পারেন।

নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এর অংশ হবার জন্য আপনাকে ধন্যবাদ। আমরা এখানে আছি আপনার আস্থা অর্জনের জন্য, এবং আমরা আপনার অংশীদারত্বকে স্বাগত জানাই।

উচ্চ প্রত্যাশাসহ,

ডেভিড সি. ব্যাংকস্ (David C. Banks)
চ্যান্সেলর

আমাদের সাপ্তাহিক পর্যালোচনার ভিডিও

এবং এখানে [মেয়র এরিক অ্যাডামস্-এর সাপ্তাহিক ভিডিও](#) দেয়া হলো।

আপনি যদি PS+You থেকে আর কোনো ইমেইল মেসেজ না পেতে চান, তবে [আনসাবস্ক্রাইব](#) করুন।